

## ঢাকা ও যশোর বোর্ডের সোমবারের পরীক্ষা পেছাল

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

২৮ এপ্রিল ২০১৯, ২০:১৩

আপডেট: ২৮ এপ্রিল ২০১৯, ২০:৩৩

# এইচএসসি

ঢাকা ও যশোর শিক্ষা বোর্ডের ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র বিষয়ের সোমবার (২৯ এপ্রিল) অনুষ্ঠেয় উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা পেছানো হয়েছে। রোববার (২৮ এপ্রিল) ফরিদপুরের আলফাডাঙ্গায় এবং খুলনার পাইকগাছার দুটি কেন্দ্রে বহুনির্বাচনী প্রশ্নের খাম খুলে ফেলায় পরীক্ষাগুলো পেছানো হয়।

ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হক প্রথম আলোকে বলেন, রোববার আলফাডাঙ্গা সরকারি কলেজ কেন্দ্রে সোমবার অনুষ্ঠেয় ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র বিষয়ের পরীক্ষার খাম কেটে ফেলায় এবং খুলনার পাইকগাছার কপিলমুনি কেন্দ্রে প্রশ্নপত্রের প্যাকেট খুলে ফেলায় ঢাকা ও যশোর বোর্ডের এই পরীক্ষা পিছিয়ে দেওয়া হয়েছে। এসব পরীক্ষা আগামী ৭ মে বেলা দুইটায় অনুষ্ঠিত হবে।

ঢাকা ও যশোর বোর্ড বাদে অন্য বোর্ডের ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্রের সঙ্গে পূর্বনির্ধারিত ২৯ এপ্রিলের অন্যান্য পরীক্ষা যথাসময়ে অনুষ্ঠিত হবে বলেও জানান তিনি।